ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৭১১

সাব্রুম, ১৫ মে,২০২৫

# বৈশাখী মেলা উপলক্ষ্যে নেশা বিরোধী এবং বাল্যবিবাহ রোধ বিষয়ক আলোচনাচক্র অনুষ্ঠিত

বৈশাখী মেলা উপলক্ষ্যে গতকাল হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার উদ্যোগে নেশা বিরোধী এবং বাল্যবিবাহ রোধ বিষয়ক এক আলোচনাচক্রের আয়োজন করা হয়। বৈশাখী মেলার অনুষ্ঠান মঞ্চে আয়োজিত এই আলোচনাচক্রে দক্ষিণ ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. জ্যোতির্ময় দাস, হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার দক্ষিণ জোনালের সভাপতি ডা. জগদীশ নম:, জাতীয় স্বাস্থ্য মিশন সাব্রুমের প্রতিনিধি ডা. সৌমিক হাজরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অতিথিগণ নেশামুক্তি এবং বাল্যবিবাহ রোধের বিভিন্ন ব্যবস্থা নিয়ে বিশদ আলোচনা করেন।

এদিকে, বৈশাখী মেলা উপলক্ষ্যে প্রতিদিন সন্ধ্যায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। এই অনুষ্ঠানে স্থানীয় শিল্পীদের পাশাপাশি রাজ্যের বিভিন্ন স্থানের শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করছেন। উল্লেখ্য, গত ৮ মে বৈশাখী মেলার উদ্বোধন হয়, যা চলবে আগামী ১৭ মে পর্যন্ত।

*****